



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথের ক্যানাবিনয়েড হেম্প প্রোগ্রাম এখন লাইসেন্সের আবেদন গ্রহণ করছে

**ক্যানাবিনয়েড হেম্প প্রসেসর, খুচরা বিক্রেতা এবং পরিবেশক আবেদন করতে পারেন এখানে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে ক্যানাবিনয়েড হেম্প প্রসেসর, খুচরা বিক্রেতা বা পরিবেশক হিসেবে কাজ করতে আগ্রহী ব্যবসায়ীদের কাছ থেকে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (New York State Department of Health) এখন আবেদন গ্রহণ করছে। ক্যানাবিনয়েড হেম্প প্রোগ্রামের ওয়েবপেজে [এখানে](#) আবেদনপত্রগুলি পাওয়া যাবে। অক্টোবর মাসে, গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে, নিউ ইয়র্ক স্টেটে ক্যানাবিনয়েড হেম্প পণ্য নিয়ন্ত্রণ করতে ডিপার্টমেন্ট [থসডা আইন](#) জারি করেছেন। ক্যানাবিনয়েড হেম্প পণ্যে বর্তমানে ক্রয়ের জন্য অনেক CBD পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে টিংচার, বাষ্পীকরণ, তেল, টপিক্যালস, পিল, ক্যাপসুল এবং খাদ্য বা পানীয় রয়েছে।

"নিউ ইয়র্ক স্টেটের ক্রমবর্ধমান হেম্প শিল্পের অংশ হতে আগ্রহী ব্যবসায়ীদের জন্য আবেদন প্রক্রিয়া চালু করা আমাদের অর্থনীতির সম্প্রসারণ এবং আরো ভালোভাবে গড়ে তোলার একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। লাইসেন্সিং প্রসেসর, পরিবেশক এবং খুচরা বিক্রেতাদের হেম্প শিল্পের দীর্ঘমেয়াদী কার্যকারিতা নিশ্চিত করতে সাহায্য করার সক্ষমতা প্রদান করে," **গভর্নর কুওমো বলেন।** "স্টেটের নিয়ন্ত্রিত ক্যানাবিনয়েড হেম্প প্রোগ্রামের অংশ হওয়ার এই রোমাঞ্চকর সুযোগ কৃষক এবং ভোক্তাদের জন্য একটি দারুণ সংবাদ।"

এই বছরের শুরুতে গভর্নর কর্তৃক স্বাক্ষরিত [আইন](#) অনুযায়ী, ডিপার্টমেন্ট একটি ক্যানাবিনয়েড হেম্প প্রোগ্রাম তৈরি করছে। প্রোগ্রামটি ক্যানাবিনয়েড হেম্প প্রসেসর, পরিবেশক ও খুচরা বিক্রেতা এবং গুণমান নিয়ন্ত্রণ মান নির্ধারণ করছে যা সকল ক্যানাবিনয়েড হেম্প পণ্য উৎপাদন, প্যাকেজিং এবং লেবেলিং এবং ল্যাবরেটরি পরীক্ষার শর্তাবলি পূরণ করতে হবে। প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেটের ক্রমবর্ধমান ক্যানাবিনয়েড হেম্প শিল্পকে সংগঠিত এবং বৈধ করতে সাহায্য করার পাশাপাশি ভোক্তাদের নিশ্চিন্তের এবং সম্ভাব্য বিপজ্জনক পণ্য থেকে রক্ষা করবে।

2015 সালে, গভর্নর শিল্প হেম্প কৃষি গবেষণা পাইলট প্রোগ্রাম চালু করেন যা কৃষকদের সমর্থন এবং আপস্টেট নিউ ইয়র্কের অর্থনৈতিক উন্নয়ন আরো বৃদ্ধি করে। তারপর থেকে, নিউ ইয়র্কের হেম্প প্রোগ্রামটি ব্যাপকভাবে প্রসারিত হয়েছে, নিউ ইয়র্ককে দেশের অন্যতম প্রধান হেম্প

উৎপাদনকারী দেশ হিসেবে পরিণত করেছে। হেম্প একটি টেকসই, কার্বন-পৃথকীকরণ ফসল যা টেক্সটাইল, আসবাবপত্র, জ্বালানী, খাদ্য, নির্মাণ সামগ্রী এবং ব্যক্তিগত যন্ত্র আইটেমসহ শত শত পণ্যে রূপান্তরিত হতে সক্ষম।

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন,** "ক্যানাবিনয়েড হেম্প প্রসেসর, পরিবেশক এবং খুচরা বিক্রেতা সম্পর্কিত আবেদন চালু করা নিউ ইয়র্ক স্টেটের ক্যানাবিনয়েড হেম্প পণ্যের জন্য একটি নিরাপদ এবং নিয়ন্ত্রিত সরবরাহ শৃঙ্খল নিশ্চিত করার প্রথম পদক্ষেপ। লাইসেন্সিং প্রক্রিয়া প্রসেসর, পরিবেশক এবং খুচরা বিক্রেতাদের জবাবদিহিতা বজায় রাখবে, যা মার্কেটপ্লেস থেকে নিম্ন মানের এবং সম্ভাব্য বিপজ্জনক পণ্য অপসারণ করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটে ক্যানাবিনয়েড হেম্প এক্সট্র্যাক্টিং বা ম্যানুফ্যাকচারিং, মধ্যবর্তী বা চূড়ান্ত আকারের যেকোনো ব্যবসায় ক্যানাবিনয়েড হেম্প প্রসেসর সংক্রান্ত লাইসেন্স পেতে হবে। ক্যানাবিনয়েড হেম্প প্রসেসর লাইসেন্স দুইটি ভাগে বিভক্ত: "এক্সট্র্যাক্টিং ও ম্যানুফ্যাকচারিং" এবং "শুধুমাত্র উৎপাদন"। একটি "এক্সট্র্যাক্টিং ও ম্যানুফ্যাকচারিং" লাইসেন্স যেকোনো প্রসেসরকে আরো পরিশোধনের জন্য অপরিশোধিত তেল, ডিস্টিলেট, পৃথক বা অন্যান্য মধ্যস্থতাকারী পণ্য তৈরি করতে হেম্প থেকে ক্যানাবিনয়েড বের করতে বা আলাদা করার সুযোগ দেওয়ার পাশাপাশি লাইসেন্সধারীকে ক্যানাবিনয়েড হেম্প পণ্য উৎপাদন করার অনুমতি দেয়। একটি "শুধুমাত্র ম্যানুফ্যাকচারিং" লাইসেন্স প্রসেসরকে অপরিশোধিত তেল, ডিস্টিলেট, পৃথক বা অন্যান্য মধ্যস্থতাকারী পণ্য ক্রয় এবং ক্যানাবিনয়েড হেম্প পণ্য উৎপাদন করতে এটি ব্যবহার করার অনুমতি দেয়।

নিউ ইয়র্ক স্টেটের ভোক্তাদের কাছে ক্যানাবিনয়েড হেম্প পণ্য বিক্রি বা বিক্রি করতে ইচ্ছুক যেকোনো ব্যবসাকে অবশ্যই ক্যানাবিনয়েড হেম্প খুচরা বিক্রেতা হিসেবে লাইসেন্স নিতে হবে। উপরন্তু, নিউ ইয়র্ক স্টেটের বাইরে উৎপাদিত ক্যানাবিনয়েড হেম্প পণ্যের পরিবেশকদের নিউ ইয়র্ক স্টেটের ক্যানাবিনয়েড হেম্প খুচরা বিক্রেতাদের কাছে ক্যানাবিনয়েড হেম্প পণ্য বিক্রি করার জন্য একটি ক্যানাবিনয়েড হেম্প ডিস্ট্রিবিউটর অনুমতি নিতে হবে।

নিউ ইয়র্ক স্টেটে বিক্রি করতে, ক্যানাবিনয়েড হেম্প পণ্যের মানসম্মত উৎপাদন পদ্ধতি ব্যবহার করে সেগুলো উৎপাদন করতে হবে, অনুমোদিত তৃতীয় পক্ষের ল্যাবরেটরি দ্বারা পরীক্ষা করতে হবে এবং ভোক্তাদের নিকট প্রতিবার পরিবেশনের সময় এর পরিমাণ সঠিকভাবে লেবেল করতে হবে এবং পণ্য ব্যবহারের সাথে সম্পর্কিত যেকোনো ঝুঁকি সম্পর্কে সতর্ক করতে হবে।

নিউ ইয়র্কের ক্যানাবিনয়েড হেম্প প্রোগ্রাম সম্পর্কে আরো তথ্য [এখানে](#) পাওয়া যাবে।

###

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্বাহিব করুন](#)